

আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪

(২০০৪ সনের ৩ নং আইন)

আদালতের বিদ্যমান মামলা ব্যবস্থাপনা ও আদালতের প্রশাসনে সংস্কার বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার ও প্রধান বিচারপতিকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করিয়া সহায়ক বিধান করার উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু আদালতের বিদ্যমান মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসনে সংস্কার বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার ও প্রধান বিচারপতিকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করিয়া সহায়ক বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত
শিরোনামা,
প্রয়োগ,
প্রবর্তন এবং
মেয়াদ**

- ১। (১) এই আইন আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ নামে অভিহিত হইবে।
- (২) সুপ্রীম কোর্ট এবং প্রকল্পের প্রথম পর্যায়ভুক্ত পাঁচটি প্রকল্প জেলা আদালতে এই আইনের প্রয়োগ হইবে।
- (৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- (৪) পূর্বেই রহিত বা মেয়াদ বর্ধিত করা না হইলে, কার্যকর হইবার তারিখ হইতে পরবর্তী [চার বৎসর] মেয়াদে এই আইন কার্যকর থাকিবে।

সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসংগের পরিপন্থী না হইলে, এই আইনে,-
- (১) “আদালত” অর্থ সুপ্রীম কোর্ট এবং প্রকল্প জেলা আদালত;
- (২) “আদালত প্রশাসন” অর্থ মামলা ব্যবস্থাপনা এবং আদালতের বিচারক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশাসনিক নিয়ন্ত্রণের সহিত সম্পর্কিত নির্বাহী প্রকৃতির কার্যাদি;
- (৪) “প্রকল্প জেলা আদালত” অর্থ প্রকল্পের প্রথম পর্যায়ের পাঁচটি জেলা আদালত, যথা- খুলনা, গাজীপুর, ঢাকা, কুমিল্লা ও রংপুর জেলা আদালত;
- (৫) “প্রধান বিচারপতি” অর্থ বাংলাদেশের প্রধান বিচারপতি;
- (৬) “জেলা জজ” অর্থ প্রকল্প জেলা আদালতের কোন জেলা জজ;